

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর তফসিল-খ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

(ক) দফা (১৯) এর প্রান্তঃস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (২০) বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দুইটি দফা (২১) ও (২২) সংযোজিত হইবে, যথা:-

“(২১) এইচআইভি, এইডস বা মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা, সচেতনতা বৃদ্ধি ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান; এবং

(২২) বিদেশে পাচার হইতে উদ্ধারকৃত শিশু ও নারীদের পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ মূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান।”।

Bangladesh Tax Update

www.kdrey.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)